



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৮-২০১৯/ ১৩০৫

তারিখ : ০৬.১২.২০১৮ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ এর কর্মকর্তা (১০ম গ্রেড) জনাব মোঃ জাহাঙ্গীর শিকদার (জেড-৩৮৭) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে তাঁর চিকিৎসার উদ্দেশ্যে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।


০২। জনাব মোঃ জাহাঙ্গীর শিকদার (জেড-৩৮৭) দীর্ঘ এক বৎসর যাবত কিডনী রোগে ভুগছেন। বহু চিকিৎসার পর বারডেম জেনারেল হাসপাতাল হতে সপ্তাহে ৩ বার কিডনী ডায়ালাইসিস এর পরামর্শ দেয়া হয়েছে। বর্তমানে চিকিৎসা বাবদ প্রতিমাসে ৫০,০০০/- টাকা ব্যয় হচ্ছে। ফলে সংসার পরিচালনা ও ছেলে মেয়েদের পড়াশুনা দুঃসাধ্য হয়ে পড়েছে। বর্তমানে আর্থিক সংকটের কারণে চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছেনা। ফলে তাঁর জীবন ঝুঁকির সম্মুখীন।

০৩। দীর্ঘ দিন ধরে দূরারোগ্য এ রোগের চিকিৎসা করতে যেয়ে জনাব মোঃ জাহাঙ্গীর শিকদার (জেড-৩৮৭) অতিশয় আর্থিক সংকটে পতিত হয়েছেন। পরিবারের সদস্যদের নিয়ে খুবই কষ্টে দিনাতিপাত করছেন। হাসপাতালের ব্যয় নির্বাহ করতে যেয়ে আত্মীয় স্বজনের কাছে ধার-দেনা করতে হয়েছে। এমন কোন সহায় সম্পদ নেই যা বিক্রয় করে তিনি অর্থ সংগ্রহ করবেন। বর্তমানে অর্থাভাবে ব্যয়বহুল এই চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছেনা বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তা তাঁর পরিবারের আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে মানবিক কারণে আর্থিক সাহায্য কামনা করেছেন।

০৪। এমতাবস্থায়, জনাব মোঃ জাহাঙ্গীর শিকদার (জেড-৩৮৭) এর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ এ পরিচালিত তাঁর সঞ্চয়ী হিসাব নং-৪৬৬৯ -এ যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত


(এম,এ, রউফ ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।

০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ।

০৪। জনাব মোঃ জাহাঙ্গীর শিকদার (জেড-৩৮৭), কর্মকর্তা, বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ।
নথি/অফিস নথি।

